

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৭৯

১/ বিবিধ

আরবী

يَنادِي مَلِكٌ مِّنْ بَطْنَ الْعَرْشِ يَوْمَ الْقِيَامَةِ، يَا أُمَّةَ مُحَمَّدٍ، إِنَّ اللَّهَ قَدْ عَفَا عَنْكُمْ جَمِيعاً
الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ فَتَوَاهُبُوا الْمُظَالَّمُونَ، وَادْخُلُوا الْجَنَّةَ بِرَحْمَتِي
موضوع

رواه البغوي في "شرح السنة" (4/252/2) عن الحسين بن داود البلخي: حدثنا يزيد
بن هارون: حدثنا حميد عن أنس رفعه
ومن هذا الوجه رواه الضياء في "المنتقى من مسموعاته بمرو" (37/2)
قلت: وهذا موضوع آفته البلخي هذا، قال الخطيب: "لم يكن بثقة، فإنه روى نسخة
عن يزيد عن حميد عن أنس أكثرها موضوع
قلت: وهذا منها

বাংলা

১২৭৯। কিয়ামতের দিন আরশের পেট থেকে এক ফেরেশতা ডাক দিয়ে বলবেং হে উম্মাতু মুহাম্মাদ! আল্লাহ্
তোমাদের সকল মুমিন এবং মুমিনাদেরকে ক্ষমা করে দিয়েছেন। অতএব তোমরা পরস্পরে (নিজেদের)
অত্যাচারের ব্যাপারে বদান্যতা প্রদর্শন করে আমার রহমতের বিনিময়ে জান্মাতে প্রবেশ কর।

হাদিসটি বানোয়াট।

হাদিসটি বাগাবী "শারহস সুন্নাহ" গ্রন্থে (৪/২৫২/২) ইসাইন ইবনু দাউদ বালখী হতে, তিনি ইয়াযীদ ইবনু হারণ
হতে, তিনি ভূমায়েদ হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই যিয়া "আল-মুস্তাকা মিন মাসমুয়াতিহি বি-মারু" গ্রন্থে (২/৩৭) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে এ বালখী। খাতীব বাগদাদী বলেনঃ তিনি নির্ভরযোগ্য ছিলেন না। তিনি ইয়াবীদ সূত্রে হৃষায়েদ হতে, তিনি আনাস (রাঃ) হতে একটি কপি বর্ণনা করেছেন যার অধিকাংশই বানোয়াট হাদীস।

আমি (আলবানী) বলছিঃ এটি সেগুলোর একটি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

⌚ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72158>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন